

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫০২(আগরতলা, ০৭।০৩)

উদয়পুর, ০৭ মার্চ, ২০১৯

মাতাবাড়ি ব্লকের উন্নয়ন কাজের পর্যালোচনা সভা

মাতাবাড়ি ব্লকের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের এক পর্যালোচনা সভা গতকাল ব্লকের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন দপ্তরের কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পর্যালোচনা সভায় জানানো হয়, চলতি অর্থ বছরে মাতাবাড়ি ব্লকে এখন পর্যন্ত এম জি এন রেগায় ৫ লক্ষ ৬৯ হাজার ৩০৮টি শ্রমদিবসের কাজ হয়েছে। এতে ব্যয় হয়েছে ১০ কোটি ৭ লক্ষ ৬৭ হাজার ৫১৬ টাকা। এছাড়া পর্যালোচনা সভায় জল সম্পদ, কৃষি, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন, পূর্ত, শিক্ষা, বিদ্যুৎ, পানীয় জল, উদ্যান, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের কর্মসূচি নিয়েও বিস্তারিত আলোচনা করা হয়। সভায় বিধায়ক বিপ্লব কুমার ঘোষ বলেন, রাজ্য সরকারের লক্ষ্য সমূহ ত্রিপুরা গড়া। এই লক্ষ্য সরকার সমস্ত অংশের মানুষের কাছে উন্নয়ন কর্মসূচির সুফল পৌঁছে দিতে বদ্ধপরিকর। তিনি বলেন, পানীয় জল, কৃষি, উদ্যান, শিক্ষা ইত্যাদি দপ্তরের যে সমস্ত প্রকল্প রয়েছে সেগুলি যথা সময়ে জনগণের কাছে পৌঁছে দিতে হবে। তিনি এম জি এন রেগায় শ্রমদিবসের পাশাপাশি স্থায়ী সম্পদ সৃষ্টি করার পরামর্শ দেন। পর্যালোচনাসভায় মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রেখারানী মজুমদার, ভাইস চেয়ারম্যান নূর হোসেন, বি ডি ও গৌরাঙ্গ দাস সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক এবং বিভিন্ন পঞ্চায়েতের প্রধান ও সচিবগণ উপস্থিত ছিলেন।
